LC

D(4th Sm.)-Bengali-H/DSCC-5/CCF

২০২৫

# বাংলা — সাম্মানিক

চতুর্থ সেমেস্টার

পত্র : DSCC-5

(প্রাগাধুনিক বাংলা সাহিত্য-১)

পূর্ণমান - ৭৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। 'অভিসার'-এর সংজ্ঞার্থ দিয়ে এই পর্যায়ের পদ রচনায় গোবিন্দদাসের শ্রেষ্ঠত্ব বিষয়ে আলোচনা করো। ১৫

*অথবা*

'কি মোহিনী জান বধুঁ কি মেহিনী জান'—পদটির ভাবসৌন্দর্য ও কাব্যসৌন্দর্য বর্ণনা করো। ১৫

২। 'গ্রন্থ উৎপত্তির কারণ' অংশটি অবলম্বনে মুকুন্দ চক্রবর্তীর সমাজভাবনার পরিচয় দাও। ১৫

*অথবা*

কালকেতু ও ফুল্লরা চরিত্র-চিত্রণে কবি মুকুন্দ চক্রবর্তীর প্রতিভার পরিচয় দাও। ১৫

৩। শাক্ত পদাবলীর আগমনী ও বিজয়া পর্যায়ের পদগুলি 'মাতৃহৃদয়ের গান'। — উদ্ধৃতি সহযোগে মন্তব্যটি বিচার করো। ১৫

*অথবা*

ভক্তের আকুতি পর্যায়ের পদে তৎকালীন সমাজজীবনের যে চিত্র ফুটে উঠেছে উদ্ধৃতিসহ তা বিবৃত করো। ১৫

৪। গৌরচন্দ্রিকা ও গৌরাঙ্গ বিষয়ক পদের পার্থক্য লেখো। ৫

*অথবা*

"বুঝিতে নারিনু বন্ধু তোমার পিরীতি"— কার লেখা কোন্ পর্যায়ের পদ? কে, কার পিরীতি কেন বুঝতে পারেনি? ২+৩

৫। 'কালকেতুর ভোজন' অংশ অবলম্বনে কালকেতুর ভোজনের বিবরণ দাও। ৫

*অথবা*

লহনাকে লীলাবতী-প্রদত্ত কলহ নিবারণের ঔষধের পরিচয় দাও। ৫

Please Turn Over

৬। "তুমি কি দোষে করিলে আমায়, ছ'টা কলুর অনুগত"— কার লেখা, কোন্ পর্যায়ের পদ? ছ'টা কলুর পরিচয় দিয়ে অংশটির তাৎপর্য ব্যাখ্যা করো। ২+৩

*অথবা*

"শুনেছি দারুণ তুমি, না রাখ সতের মান"— কার লেখা, কোন্ পর্যায়ের পদ? কে, কার প্রতি, কেন এই অনুযোগ করেছেন? ২+৩

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) 'আজু হাম কি পেখলুঁ নবদ্বীপচন্দ'— পদটির রচয়িতা কে?

(খ) 'তাতেল সৈকত বারি-বিন্দুসম'— কোন পর্যায়ের পদ?

(গ) 'চণ্ডীদাসের ভাবশিষ্য' কাকে বলা হয়?

(ঘ) 'লাখ লাখ যুগ/হিয়ে হিয়ে রাখলুঁ/তবু হিয়া জুড়ন না গেল'— পদটি কার রচনা?

(ঙ) পূর্বরাগ পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে?

(চ) কবি মুকুন্দ চক্রবর্তী কোন্ শতকের কবি?

(ছ) ফুল্লরার মায়ের নাম কী?

(জ) কত বছর বয়সে কালকেতুর কর্ণভেদ হয়?

(ঝ) মুকুন্দ চক্রবর্তীর চণ্ডীমঙ্গল কাব্যের প্রকৃত নাম কী?

(ঞ) দেবী চণ্ডীর দেওয়া 'অঙ্গুরী'-টির মূল্য কত ছিল?

(ট) 'ওহে প্রাণনাথ গিরিবর হে'— কোন্ পর্যায়ের পদ?

(ঠ) 'সতিনী সরলা নহে'— সতিনীর নাম কী?

(ড) 'খলের প্রধান যত, কে আছে তোমার মত'— কার কথা বলা হয়েছে?

(ঢ) 'মা আমায় ঘুরাবে কত'— পদটির রচয়িতা কে?

(ণ) 'আমি করি দুখের বড়াই'— আমি কে?

---

Lc



২০২৫

# বাংলা — সাম্মানিক

## চতুর্থ সেমেস্টার

## পত্র : DSCC-6

(বাংলা গোয়েন্দা সাহিত্য, কল্পবিজ্ঞান আশ্রয়ী রচনা এবং অলৌকিক কাহিনি)

পূর্ণমান - ৭৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) " 'শজারুর কাঁটা' রহস্যকাহিনি হিসেবে বিশেষ জনপ্রিয় হলেও, প্রেমকাহিনি হিসেবেও যথেষ্ট উপভোগ্য।" — মন্তব্যটির সার্থকতা বিচার করো। ১৫

*অথবা*

(খ) 'শজারুর কাঁটা' উপন্যাসটিতে ব্যোমকেশ বক্সীর ভূমিকাটি পর্যালোচনা করো। ১৫

২। (ক) তোমার পাঠ্যগল্পগুলি অবলম্বন করে প্রফেসর শঙ্কু চরিত্রের বৈশিষ্ট্যগুলি পরিস্ফুট করো। ১৫

*অথবা*

(খ) প্রফেসর শঙ্কুর গল্পগুলি কল্পবিজ্ঞান হিসেবে কতখানি সার্থক হয়েছে তা তোমার পাঠ্য যে-কোনো দুইটি গল্প অবলম্বনে আলোচনা করো। ১৫

৩। (ক) " 'সব ভুতুড়ে' গল্পগ্রন্থের ভূতেদের মধ্যে রয়েছে মানবিক আবেদন, তারা তথাকথিত বীভৎস চেহারা নিয়ে হাজির হয় না।" — আলোচনা করো। ১৫

*অথবা*

(খ) 'অহিদিদির বন্ধুরা' ও 'বাপের ভিটে' গল্প দুইটি অবলম্বনে স্নেহপরায়ণ বাঙালি মহিলা চরিত্র নির্মাণে লীলা মজুমদার যে দক্ষতা প্রকাশ করেছেন সে সম্পর্কে আলোচনা করো। ১৫

৪। (ক) 'শজারুর কাঁটা' উপন্যাসে দীপা ও দেবাশিসের বিবাহ কীভাবে সংঘটিত হয়েছিল আলোচনা করো। ৫

*অথবা*

(খ) 'শজারুর কাঁটা' উপন্যাসে উপক্রম ও অনুক্রম অংশের ভূমিকা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫

৫। (ক) 'ব্যোমযাত্রীর ডায়রি' গল্প অবলম্বনে মঙ্গলগ্রহের প্রাণীদের চেহারার বর্ণনা দাও। ৫

*অথবা*

(খ) 'শঙ্কু ও আদিম মানুষ' গল্পে যে আদিম মানুষের কথা আছে তার পরিচয় দাও। ৫

**Please Turn Over**

৬। (ক) অহিদিদির বন্ধুদের পরিচয় দাও। ৫

*অথবা*

(খ) 'পেনেটি' গল্পে তিনটি চরিত্র কেন অজ্ঞান হয়ে গিয়েছিল? ৫

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) "দেবাশিস প্রায়ই সেখানে যায়।"—দেবাশিস প্রায়ই কোথায় যায়?

(খ) শজারুর কাঁটার আঘাতে মৃত তৃতীয় ব্যক্তির নাম কী?

(গ) 'শজারুর কাঁটা' উপন্যাসে দীপাকে তার ঠাকুরদা কী নামে ডাকতেন?

(ঘ) দেবাশিসের কীসের ব্যবসা ছিল?

(ঙ) ব্যোমকেশের সহকারীর নাম কী?

(চ) প্রফেসর শঙ্কুর পোষা বিড়ালটির নাম কী?

(ছ) প্রহ্লাদ কে?

(জ) শঙ্কুর তৈরি অ্যানাইহিলিং ট্যাবলেটে কত রকমের অসুখ সারে?

(ঝ) ম্যাকাওটির আদি বাসস্থান কোথায় ছিল?

(ঞ) মঙ্গলগ্রহের জল কীরকম ছিল?

(ট) 'সব ভুতুড়ে' গ্রন্থে লেখকের বড়মামা কোথায় বাড়ি কিনেছিলেন?

(ঠ) 'সব ভুতুড়ে' গ্রন্থে লেখকের পূর্বপুরুষের বাড়ি কোথায় ছিল?

(ড) লীলা মজুমদারের জন্ম ও মৃত্যু-সাল উল্লেখ করো।

(ঢ) লক্ষ্মী কাকে মাখন আর জ্যাম খাইয়েছিল?

(ণ) ভুতেদের সৌন্দর্য প্রতিযোগিতায় কে বিচারক হয়েছিলেন?

Ic



# ২০২৫

## বাংলা — সাম্মানিক

চতুর্থ সেমেস্টার

পত্র : DSCC-7

(বাংলা কথাসাহিত্য - ১)

পূর্ণমান - ৭৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) 'কপালকুণ্ডলা' উপন্যাসে প্রকৃতির ভূমিকা আলোচনা করো। ১৫

*অথবা*

(খ) 'কপালকুণ্ডলা' উপন্যাসের উপকাহিনিটির প্রয়োজনীয়তা ও সার্থকতা বিচার করো। ১৫

২। (ক) আঞ্চলিক উপন্যাস কাকে বলে? 'পদ্মানদীর মাঝি' উপন্যাসটিকে আঞ্চলিক উপন্যাস বলা যেতে পারে কি না তা আলোচনা করে বুঝিয়ে দাও। ৩+১২

*অথবা*

(খ) "হোসেন মিঞার দ্বীপটি যেমন গ্রামবাসীদের পক্ষে বেহেস্ত জাহান্নামের অদ্ভুত সংমিশ্রণ, সেইরূপ হোসেন মিঞা নিজে তাহাদের বিধাতা পুরুষ।"— এই মন্তব্যের আলোকে হোসেন মিঞা চরিত্রটি বিশ্লেষণ করো। ১৫

৩। (ক) একটি মূক ও বধির মেয়ের জীবন যন্ত্রণার যে ছবি 'সুভা' গল্পে চিত্রিত হয়েছে, তা পর্যালোচনা করো। ১৫

*অথবা*

(খ) রবীন্দ্রনাথের 'নিশীথে' গল্পটি অতিপ্রাকৃত শ্রেণির না মনস্তাত্ত্বিক গল্প তা যুক্তিসহ বিশ্লেষণ করো। ১৫

৪। (ক) "আমি এতকাল হিন্দুদিগের দেবমূর্তির মতো ছিলাম। বাহিরে সুবর্ণ রত্নাদিতে খচিত, ভিতরে পাষাণ"— কে, কাকে একথা বলেছে? কথাটির মাধ্যমে সে কী বোঝাতে চেয়েছে? ১+১+৩

*অথবা*

(খ) "তুমি ত কখনও রূপ দেখিয়া উন্মত্ত হও নাই।"— বক্তা কে? তার এই উক্তির কারণ কী? ১+৪

৫। (ক) "ঘর যাহাদের পড়িয়া গিয়াছিল তাহারা সকলে খুশি হইয়া উঠিল। যাহাদের ঘর পড়ে নাই তাহারা দুঃখিত হইয়া ভাবিল, ঘর দুয়ার তাহাদেরও পড়িয়া গেলে মন্দ হইতো না।"— প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো। ৫

*অথবা*

(খ) "জন্ম হইতে অভ্যস্ত বিকলাঙ্গটি এতকাল পরে মালাকে বিশেষভাবে কাতর করিয়াছে।"— প্রসঙ্গ উল্লেখ করে বক্তব্যটির তাৎপর্য লেখো। ৫

৬। (ক) 'দেনাপাওনা' গল্পের রামসুন্দর মিত্র চরিত্রটির সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

*অথবা*

(খ) "... আমার সমস্ত ইহজীবনে কেবল ক্ষণকালের জন্য একটি অনন্ত রাত্রির উদয় হইয়াছিল— আমার পরমায়ুর সমস্ত দিন-রাত্রির মধ্যে সেই একটিমাত্র রাত্রিই আমার তুচ্ছ জীবনের একমাত্র চরম সার্থকতা।"— প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো। ৫

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) 'কপালকুণ্ডলা' উপন্যাসের প্রথম খণ্ডের প্রথম পরিচ্ছেদে যে সংস্কৃত শ্লোকটি উদ্ধৃত হয়েছে তার উৎস গ্রন্থটির নাম লেখো।

(খ) "পতি শ্মশানে গেলে তোমাকে সঙ্গে সঙ্গে যাইতে হইবে।"— বক্তা কে? কাকে উদ্দেশ্য করে কথাটি বলা হয়েছে?

(গ) "পথিক, তুমি পথ হারাইয়াছ?"— কার উক্তি? 'পথিক' কে?

(ঘ) কপালকুণ্ডলাকে নবকুমারের হাতে কে সম্প্রদান করেছিল?

(ঙ) "মেয়েমানুষেরও পরশপাথর আছে।"— কার উক্তি? কথাটি কাকে বলা হয়েছে?

(চ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসটি কবে গ্রন্থাকারে প্রকাশিত হয়?

(ছ) হোসেন মিঞা কোথায় ময়নাদ্বীপের পত্তন করেছিল?

(জ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসের কেন্দ্রীয় চরিত্রের নাম কী? তার মাছ ধরার সঙ্গী কে ছিল?

(ঝ) কপিলা কে?

(ঞ) পদ্মায় কোন্ মাছ ধরার মরশুম চলছিল? সেই মাছ কোথায় বিক্রি করা হত?

(ট) তোমাদের পাঠ্য রবীন্দ্র-ছোটোগল্পগুলির মধ্যে কোন্ গল্পটি 'শারদীয় আনন্দবাজার' পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

(ঠ) 'দেনাপাওনা' গল্পের মুখ্য চরিত্র কে? তার বড়দাদার নাম কী?

(ড) "মনোরমাকে বিবাহ করিয়া দেশে ফিরিলাম।"— বক্তা কে?

(ঢ) 'অতিথি' গল্পে উল্লিখিত জমিদারবাবুর নাম কী? তিনি কোন্ এলাকার জমিদার ছিলেন?

(ণ) "মর্মবিদ্ধ হরিণী ব্যাধের দিকে যেমন করিয়া তাকায়...।" 'মর্মবিদ্ধ হরিণী' কাকে এবং কী কারণে বলা হয়েছে?

---

# ২০২৫

## বাংলা — সাম্মানিক

চতুর্থ সেমেস্টার

পত্র : DSCC-8

(ছন্দ, অলঙ্কার ও প্রবন্ধ)

পূর্ণমান - ৭৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) সরল কলাবৃত্ত বা মাত্রাবৃত্ত বা ধ্বনিপ্রধান ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো। ১৫

*অথবা*

(খ) সংজ্ঞা ও দৃষ্টান্তসহ পরিচয় দাও (*যে-কোনো তিনটি*)— ৫×৩

(অ) শ্বাসাঘাত

(আ) অক্ষর

(ই) মাত্রা

(ঈ) যতি

(উ) পর্ব।

২। (ক) বক্রোক্তি অলঙ্কার কাকে বলে? এর কয়টি বিভাগ ও কী কী? উদাহরণসহ প্রত্যেকটি বিভাগ সম্পর্কে আলোচনা করো। ৩+২+(৫×২)

*অথবা*

(খ) রূপক অলঙ্কারের সংজ্ঞা দাও। এর বিভিন্ন বিভাগগুলির নাম উল্লেখ করে যে-কোনো দুটি বিভাগ সম্পর্কে দৃষ্টান্তসহ আলোচনা করো। ৩+২+(৫×২)

৩। (ক) 'বইপড়া' প্রবন্ধে প্রাবন্ধিক প্রমথ চৌধুরী বই পড়ার প্রয়োজনীয়তা ও আবশ্যকতা বিষয়ে যে সুচিন্তিত মতামত তুলে ধরেছেন তা সংক্ষেপে আলোচনা করো। ১৫

*অথবা*

(খ) আধুনিক যুগের মনীষীরা কীভাবে ক্রমাগত পশ্চিমের সঙ্গে পূর্বকে মিলিয়ে নেওয়ার মহৎ প্রয়াস করে গেছেন তা 'পূর্ব ও পশ্চিম' প্রবন্ধটি অনুসরণে বুঝিয়ে দাও। ১৫

৪। (ক) ছন্দোলিপি প্রণয়ন করো (মাত্রা, পর্ব, পদ, লয় ও রীতি উল্লেখ করা আবশ্যক)—

গঙ্গাপ্রাপ্তি আশা করে গঙ্গাযাত্রা করেছিলেম,
তোমাদের না বলে কয়ে আস্তে আস্তে সরেছিলেম। ৫

*অথবা*

(খ) এটা কিছু অপূর্ব নয় ঘটনা সামান্য খুবই—
শঙ্কা যেথা করে না কেউ সেইখানে হয় জাহাজডুবি। ৫

৫। (ক) টীকা লেখো (*যে-কোনো একটি*)— ৫

শ্রুত্যনুপ্রাস, প্রতীয়মানোৎপ্রেক্ষা।

*অথবা*

(খ) ব্যাখ্যাসহ অলঙ্কার নির্ণয় করো— ৫

নিদ্রাবিহীন শশী
আকাশ পারাপারে খেয়া একলা চালায় বসি।

৬। (ক) 'মেঘদূত' প্রবন্ধ অবলম্বনে মনুষ্যত্বের নিবিড় ঐক্যের বিষয়টি বুঝিয়ে দাও। ৫

*অথবা*

(খ) 'মনুষ্য মাত্রেই পতঙ্গ'— কোন রচনার অংশ? একথা বলার কারণ পর্যালোচনা করো। ৫

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) মুক্তক ছন্দের 'মুক্তক' নামকরণটি কে করেছিলেন?

(খ) পয়ার ছন্দ ব্যবহৃত হয়েছে এমন একটি বাংলা মহাকাব্যের নাম লেখো।

(গ) দল কয় প্রকার ও কী কী?

(ঘ) মিশ্রবৃত্ত বা অক্ষরবৃত্ত ছন্দের মূল পর্ব সাধারণত কয় মাত্রায় গঠিত হয়?

(ঙ) কোন ছন্দের লয় ধীর?

(চ) ব্যাজস্তুতি অলঙ্কারের 'ব্যাজ' কথাটির অর্থ কী?

(ছ) সমাসোক্তি অলঙ্কারের একটি দৃষ্টান্ত দাও।

(জ) কোন্ অলঙ্কারে উপমেয়কে অস্বীকার করে উপমানকে প্রতিষ্ঠিত করা হয়?

(ঝ) একটি ছেকানুপ্রাস অলঙ্কারের উদাহরণ দাও।

(ঞ) "ভজন কর কৃষ্ণজীরে, ভোজন কর কৃষ্ণজীরে"— এখানে কোন অলঙ্কার হয়েছে?

(ট) "মেঘদূত হইতে আমরা একটি তথ্য লাভ করিয়া বিস্ময়ে পুলকিত হইয়াছি"— প্রাবন্ধিক এখানে কোন্ তথ্যের কথা বলেছেন?

(ঠ) 'পূর্ব ও পশ্চিম' প্রবন্ধটি রবীন্দ্রনাথের কোন্ গ্রন্থ থেকে গৃহীত?

(ড) 'বইপড়া' প্রবন্ধে কাকে উত্তর সাধক বলা হয়েছে?

(ঢ) 'পতঙ্গ' প্রবন্ধ অবলম্বনে দুই প্রকার বহ্নির উদাহরণ দাও।

(ণ) "আমরাই কেবল সকল সময়ে আত্মবিসর্জনে ইচ্ছুক"— আমরা কারা?

---